# সুখরঞ্জন বালি গুম ও নির্যাতনের অভিযোগ ট্রাইব্যুনালে দায়ের


সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমির দেলাওয়ার হোসাইন সাঈদীর মামলার আলোচিত সাক্ষী সুখরঞ্জন বালি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গুম ও নির্যাতনের অভিযোগ করেছেন। সাক্ষী দাবি করেছেন, তাকে জোরপূর্বক তুলে নিয়ে গুম করা হয় এবং পরে ভারতে পাঠানো হয়।

আজ বৃহস্পতিবার (২১ আগস্ট) সুখরঞ্জন বালি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের কাছে এই অভিযোগ দায়ের করেন।

তিনি সাংবাদিকদের বলেন, ২০১২ সালের ৫ নভেম্বর সাঈদীর পক্ষে সাক্ষ্য দেওয়ার জন্য তাকে চাপ দেওয়া হয়। এরপর সাদা পোশাকধারী পুলিশ তাকে মাইক্রোবাসে তুলে নিয়ে যায় এবং ২ মাস ১৭ দিন ধরে গুম করে রাখে। পরে সীমান্ত পারাপারের মাধ্যমে তাকে ভারতে পাঠানো হয়, যেখানে ৫ বছর জেলভোগ করতে হয়।

অভিযোগে উল্লেখ রয়েছে ৩২ জনের, যার মধ্যে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা, ট্রাইব্যুনালের সাবেক বিচারপতি নিজামুল হক নাসিম, সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ, সাবেক প্রসিকিউটর রানা দাশ গুপ্ত এবং সাবেক প্রসিকিউটর হায়দার আলীর নাম রয়েছে।

LENS ASIA